

# দৈনিক ইতিহাস

অন্তিম ... 17 NOV 1988 ...

পৃষ্ঠা ... 3 ... কলাম ... 3 ...



063

## শিক্ষার উন্নতির জন্য চাকরির

### নিরাপত্তা প্রয়োজন

#### —অধ্যাপক আব্দাদ

বাংলাদেশে প্রাথমিক শিক্ষার মানের উন্নতির জন্য প্রধান দুটি শর্ত হলো :  
প্রাথমিক শিক্ষকদের চাকরির নিরাপত্তা ও  
তাদের জীবনমানের উন্নতি। গতকাল  
সুরীটোলা প্রাথমিক বিদ্যালয়ে ঢাকার  
কোতোয়ালী থানার প্রাথমিক শিক্ষকদের  
সাধারণ সভায় ভাষণ দানকালে অধ্যাপক  
আবুল কালাম আব্দাদ উপরোক্ত মন্তব্য  
করেন।

তিনি বলেন, এ দেশের প্রাথমিক  
শেষ পঃ ২-এর কঃ দেখুন

### অধ্যাপক আব্দাদ

প্রথম পৃষ্ঠার পর  
শিক্ষকগণ চাকরির ঘর্যাদা অর্জন ও বহু  
ধারার প্রশাসনিক জটিলতা থেকে মুক্তির  
লক্ষ্যে সুদীর্ঘকাল কঠিন সংগ্রাম করেছে  
ও নির্যাতন, ভোগ করেছে। তিনি বলেন,  
বাহির হতে যাই মনে হোক না কেন,  
প্রকৃত অবস্থা হলো পল্লী এলাকার  
শিক্ষকগণ চায়াবাদ ও শহরের শিক্ষকগণ  
টিউশনী বা ছোট খট ব্যবসা না করলে,  
জীবন ধারণ করতে পারেন না।

তিনি বলেন, প্রাথমিক শিক্ষার উন্নতির  
জন্যই তাদের জীবন ধারণের ব্যবস্থা করা  
প্রয়োজন।

অধ্যাপক আব্দাদ বলেন, ১৯৮০-৮১  
সালে ঢাকা মহানগরীর প্রাথমিক  
শিক্ষকদের পৌর কর্মচারীতে পরিণত  
করলে সারা দেশের প্রাথমিক শিক্ষকগণ  
সংগ্রামে ঝাপিয়ে পড়ে প্রমাণ করেছিলেন  
মাথা হতে দেহকে পৃথক করা যাবে না।  
ঢাকার প্রাথমিক শিক্ষকগণ পাকশীর  
মহাসমাবেশে যোগদান করে আবারো  
প্রমাণ করবেন বাংলাদেশের প্রাথমিক  
শিক্ষক সমাজ এক দেহ, এক প্রাণ।  
বাংলাদেশের যে কোন স্থানে, যে কোন  
কর্মকাণ্ডে তারা সম্ভাবে সক্রিয় আছে।  
জনাব আবদুস সবুর খানের সভাপতিত্বে  
অনুষ্ঠিত সভায় বাংলাদেশ প্রাথমিক  
শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক কাজী  
আ. কা. ফজলুল হক, মহানগরীর  
সভাপতি জনাব আফতাব উদ্দিন আহমদ,  
সম্পাদক ওয়াহিদুজ্জামান মিয়া; সাহিত্য  
সম্পাদক আলতাফ হোসেন, মহিলা  
সম্পাদিকা সৈয়দা রুখসানা হক;  
কোতোয়ালী থানার সম্পাদক  
আসাদুল্লাহ ও কোতোয়ালী থানার শিক্ষা  
অফিসার বক্তব্য রাখেন। সংবাদ বিজ্ঞপ্তি।